# কমপিউটার জগতের খবর

## জাপান থেকে তথ্যপ্রযুক্তিতে ২০ কোটি ডলার আয়ের প্রত্যাশা



*বেসিস সভাপতি শামীম আহসান জাপানে*
*বাংলাদেশ নেক্সট– ইওর নেক্সট আইটি ডেসটিনেশন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন*

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ আগামী কয়েক বছরের মধ্যে তথ্যপ্রযুক্তি খাত থেকে বেসিস ১ বিলিয়ন ডলার রফতানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জনে কাজ শুরু করেছে। এর মধ্যে জাপান থেকে ২০ কোটি ডলার আয় হবে বলে আশা করছে সংগঠনটি। জাপানের রাজধানী টোকিওতে 'বাংলাদেশ নেক্সট– ইওর নেক্সট আইটি ডেসটিনেশন' শীর্ষক এক অনুষ্ঠানে এ প্রত্যাশার কথা জানান বেসিস সভাপতি শামীম আহসান। সম্প্রতি বাংলাদেশের সম্ভাবনাময় সফটওয়্যার ও তথ্যপ্রযুক্তিনির্ভর শিল্পে বিনিয়োগে জাপানের আইটি উদ্যোক্তাদের উৎসাহিত করতে এ অনুষ্ঠানের আয়োজন করে জাপানে বাংলাদেশ দূতাবাস। এটি আয়োজনে সহযোগিতা করে টোকিও চেম্বার অব কমার্স (টিসিসিআই) ও জাপানে কর্মরত বাংলাদেশী আইটি পেশাজীবীরা। অনুষ্ঠানে জাপানের শতাধিক আইটি কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তা ও জাপানের বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। অনুষ্ঠানে জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন বাংলাদেশের সম্ভাবনাময় তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগ করতে জাপানের আইটি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে গুগল জাপানের সাবেক সভাপতি নোরিয়ো মুরাকামি, বিএনআইয়ের সুনিচি নাকামুরা, বিজেআইটির নবুহিরো হায়াশি ও বাংলাদেশ বিজনেস পার্টনার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক তরু ওকাজাকি বক্তৃতা করেন। তারা বাংলাদেশে ব্যবসায়ের বিভিন্ন ইতিবাচক দিক তুলে ধরেন ◆

## আইটিইই পরীক্ষায় দ্বিতীয় বাংলাদেশ

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ প্রথমবারের মতো ইনফরমেশন টেকনোলজি ইঞ্জিনিয়ার্স এক্সামিনেশনে (আইটিইই) অংশ নিয়ে এশিয়ার সাতটি দেশের মধ্যে দ্বিতীয় হয়েছে বাংলাদেশ। এতে প্রথম স্থান অধিকার করে ভিয়েতনাম। বিডি-আইটেকের প্রকল্প পরিচালক ড. শেখ আমজাদ হোসেন আইটিইই কর্তৃপক্ষের তথ্যানুযায়ী সম্প্রতি এ ফল প্রকাশ করেন। বাংলাদেশ থেকে সর্বমোট ২৫ জন পরীক্ষার্থী আইটিইইতে কৃতকার্য হয়েছে বলেও জানান তিনি। ৭ ডিসেম্বর বাংলাদেশ কমপিউটার কাউন্সিল মিলনায়তনে আইটিইই পরীক্ষায় উত্তীর্ণদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়। আইটি গ্র্যাজুয়েট ও পেশাজীবীদের আন্তর্জাতিক দক্ষতা পরিমাপের লক্ষ্যে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সহযোগিতায় গত ২৭ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। বাংলাদেশের ১৫৮ জন আইটি পেশাদার সম্পূর্ণ বিনা খরচে ইনফরমেশন টেকনোলজি ইঞ্জিনিয়ার্স এক্সামিনেশনে অংশ নেন। এশিয়ার ১২টি দেশে মিউচুয়ালি এ পদ্ধতি চালু আছে। বাংলাদেশে এ পরীক্ষা পদ্ধতির ফলে দেশের আইটি পেশাজীবীরা তাদের দক্ষতার পরিমাপ করতে পারবেন এবং এ সার্টিফিকেট অর্জনের ফলে দেশে ও আন্তর্জাতিক পর্যায়ে তাদের গ্রহণযোগ্যতা বাড়বে ◆

## সামাজিক যোগাযোগমাধ্যমে বিটিআরসির নজরদারি

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ সামাজিক যোগাযোগমাধ্যমগুলো নিয়ন্ত্রণের (ফিল্টারিং) উদ্যোগ নিয়েছে সরকার। এ জন্য চলতি বছরের এপ্রিলে ১৫০ কোটি টাকার একটি প্রকল্প হাতে নিলেও এর কাজ তেমন একটি এগোয়নি। এ কারণে বিকল্প পথে হাঁটছে নিয়ন্ত্রণ সংস্থা বিটিআরসি। চলমান রাজনৈতিক অস্থিরতার মধ্যে জনপ্রিয় সামাজিক যোগাযোগমাধ্যমগুলোর নানাবিধ ব্যবহার বাড়তে পারে। এগুলোর মাধ্যমে যাতে অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টি না হয়, সেজন্য বিভিন্ন ওয়েবসাইটের ওপর কড়া নজর রাখছে বিটিআরসি। তবে এ ক্ষেত্রে ব্যবস্থা বলতে আন্তর্জাতিক ইন্টারনেট গেটওয়েগুলোর মাধ্যমে ওয়েবসাইট বা ব্লগ বন্ধ করে দেয়া। তবে যতদিন পর্যন্ত ফিল্টারিং প্রকল্পের কার্যক্রম শেষ না হচ্ছে, ততদিন পর্যন্ত কর্তৃপক্ষের ফেসবুক বা টুইটারের মতো সামাজিক যোগাযোগমাধ্যমের সাথে পেরে ওঠা সম্ভব নয় বলে সংস্থাটির নীতিনির্ধারকেরা মনে করছেন। এ প্রসঙ্গে বিটিআরসি চেয়ারম্যান সুনীল কান্তি বোস বলেন, পরিস্থিতি পর্যবেক্ষণে নজর রাখা হচ্ছে। অন্য কোনো সাইট হলে আমরা ব্যবস্থা নিতে পারব। কিন্তু ফেসবুক হলে হয়তো কিছু করা সম্ভব হবে না। কারণ এ সামাজিক মাধ্যমটির কর্তৃপক্ষ আমাদের কথা অনুসারে চলবে না। আর এটি বন্ধ করে রাখাও সম্ভব নয়। তবে এ পরিস্থিতিতে জনগণকে ইন্টারনেট ব্যবহারে আরও সচেতন করে তুলতে বড় ধরনের প্রচারণায় নামতে চাইছে বিটিআরসি ◆

## অ্যান্ড্রয়িড থেকে মাইক্রোসফটের আয় বছরে ২ বিলিয়ন ডলার

*কমপিউটার জগৎ ডেস্ক* ॥ নিজস্ব মোবাইল অপারেটিং সিস্টেম থাকলেও মাইক্রোসফট গুগলের অ্যান্ড্রয়িড থেকে বছরে ২ বিলিয়ন ডলার আয় করছে। অ্যান্ড্রয়িডনির্ভর প্রতিটি স্মার্টফোন বিক্রি হলে ৬ থেকে ৭ ডলার পায় প্রতিষ্ঠানটি। সম্প্রতি গবেষণা প্রতিষ্ঠান নমুরা এক গবেষণায় এ তথ্য জানিয়েছে। স্মার্টফোনের বাজারে এখন তৃতীয় স্থানে রয়েছে মাইক্রোসফটের উইন্ডোজ ফোন অপারেটিং সিস্টেম। এ ক্ষেত্রে এগিয়ে রয়েছে গুগলের অ্যান্ড্রয়িড। আইডিসি তথ্যমতে, গত প্রান্তিকে বিশ্বব্যাপী বিক্রি হওয়া মোট স্মার্টফোনের ৭৯ দশমিক ৩ শতাংশই হলো অ্যান্ড্রয়িডনির্ভর। এ সময় ১৮৭.৪ মিলিয়ন ইউনিট অ্যান্ড্রয়িড স্মার্টফোন বিক্রি হয়েছে। অ্যান্ড্রয়িডের এ এগিয়ে চলায় আর্থিকভাবে ভাগ বসিয়েছে মাইক্রোসফট। বিনামূল্যের এ অপারেটিং সিস্টেমে প্যাটেন্ট লঙ্ঘনের দায়ে গুগল ও মটোরোলা ছাড়া প্রায় সব অ্যান্ড্রয়িড স্মার্টফোন প্রস্তুতকারকের সাথে চুক্তি করেছে মাইক্রোসফট। ফলে ওই কোম্পানিগুলো প্রতিটি অ্যান্ড্রয়িড স্মার্টফোন তৈরি করলে মাইক্রোসফটে ৬ থেকে ৮ ডলার দিতে বাধ্য হচ্ছে। গবেষণায় আরও বলা হয়েছে, আগামী ২০১৭ সাল নাগাদ অ্যান্ড্রয়িড থেকে বছরে মাইক্রোসফট ৮.৮ বিলিয়ন ডলার আয় করতে পারে ◆

## তিন মাসে রবির মুনাফা বেড়েছে ৩০ কোটি টাকা

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ তৃতীয় প্রান্তিকে মোবাইল ফোন অপারেটর রবির মুনাফা বেড়েছে ৩০ কোটি টাকা। চলতি বছরের জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে কর দেয়ার পর অপারেটরটি মুনাফা করেছে ১৪০ কোটি টাকা। মার্চ-জুন প্রান্তিকে এর পরিমাণ ছিল ১১০ কোটি টাকা। রবির প্রধান কার্যালয়ে সম্প্রতি অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে রবির চিফ ফাইন্যান্সিয়াল অফিসার (সিএফও) মাহতাবউদ্দিন আহমেদ তৃতীয় প্রান্তিকের তথ্য উপস্থাপন করেন। সিএফও জানান, চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকের তুলনায় তৃতীয় প্রান্তিকে আয় ১ শতাংশ বেড়েছে। তীব্র প্রতিযোগিতামূলক বাজারে কম মূল্যে কল সেবা দেয়ায় আয় কিছুটা কম হয়েছে। সিম ট্যাক্স কমানোর ফলে লভ্যাংশ বেড়েছে বলেও উল্লেখ করেন তিনি। তবে রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে ব্যবসায় বাণিজ্যে নেতিবাচক প্রভাব পড়ায় রাজস্ব বাড়ার হার কমেছে বলেও দাবি করেন তিনি। ৩.৫জি সেবা চালু প্রসঙ্গে সিএফও বলেন, প্রথমবারের মতো ইন্টারনেট ও নন-ভয়েস সেবা ব্যবহারের পরিমাণ বেড়েছে। তৃতীয় প্রান্তিকে অপারেটরটির গ্রাহক ৮ দশমিক ৪ শতাংশ বেড়েছে। ফলে গত বছরের তুলনায় গ্রাহক হার বেড়েছে ১৯ দশমিক ৪ শতাংশ। চলতি বছরের সেপ্টেম্বরের হিসাব অনুযায়ী অপারেটরটির সক্রিয় গ্রাহকসংখ্যা ২ কোটি ৪৮ লাখ ◆

# মোবাইল ব্যাংকিংয়ের গ্রাহক কোটির ঘরে

*কমপিউটার জগৎ রিপোর্ট ॥* দেশে মোবাইল ব্যাংকিংয়ের গ্রাহক ১ কোটির ল্যান্ডমার্ক ছাড়িয়েছে। বর্তমানে দৈনিক গড়ে ১৭০ কোটি টাকার বেশি লেনদেন হচ্ছে এ সেবার মাধ্যমে। স্বল্পতম সময়ে সব শ্রেণী-পেশার মানুষের কাছে সেবাটি গ্রহণযোগ্য হওয়ায় গ্রাহকের আওতা বাড়ছে বলে মনে করে বাংলাদেশ ব্যাংক। কেন্দ্রীয় ব্যাংক জানিয়েছে, গত মাস পর্যন্ত মোবাইলে আর্থিক সেবা গ্রহণকারী গ্রাহকের সংখ্যা দাঁড়িয়েছে ১ কোটি ২ লাখ ৩৫ হাজারেরও বেশি। গত এপ্রিলে ৫০ লাখের ল্যান্ডমার্ক ছুঁয়েছিল এ সংখ্যা। বিশ্বের বিভিন্ন দেশে এ সেবা অনেক আগে চালু হলেও বাংলাদেশে ২০১০ সালে শুরু হয়। বর্তমানে ১৯টি ব্যাংক মোবাইল কোম্পানিগুলোর সহযোগিতায় এ কার্যক্রম চালাচ্ছে। যদিও বাংলাদেশ ব্যাংক থেকে মোবাইল ব্যাংকিং চালুর অনুমোদন নিয়েছে ২৮ ব্যাংক। ব্র্যাক ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান 'বিকাশ' ও ডাচ-বাংলা ব্যাংকের 'মোবাইল ব্যাংকিং' সেবা বর্তমানে বেশি জনপ্রিয়তা পেয়েছে। কেন্দ্রীয় ব্যাংক এক বিজ্ঞপ্তিতে জানায়, অক্টোবর শেষে মোবাইল ব্যাংকিংয়ের গ্রাহক ছিল ৯৯ লাখ ৮০ হাজার। সেপ্টেম্বরে ছিল ৮৯ লাখ ৩০ হাজার। এ হিসাবে গ্রাহকের মাসিক বাড়ার হার প্রায় ১২ শতাংশ। গত অক্টোবরে মোট ২ কোটি ৩৬ লাখ লেনদেনের বিপরীতে ৫ হাজার ৯৬ কোটি টাকা লেনদেন হয়েছে। দৈনিক গড় লেনদেনের পরিমাণ দাঁড়িয়েছে ১৭০ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, প্রবাসীদের অর্থ দেশের প্রত্যন্ত অঞ্চলে বসবাসরত উপকারভোগীর কাছে দ্রুত পৌঁছানোর জন্য মোবাইল ব্যাংকিংয়ের যাত্রা শুরু হয়। তবে এখন আর তা শুধু এ সেবার মধ্যে সীমিত নেই। এর মাধ্যমে অর্থ পাঠানো, জমা ও উত্তোলন, বেতন-ভাতা পরিশোধ, ইউটিলিটি বিল পরিশোধ, ব্যবসায়িক লেনদেনসহ অনেক ধরনের আর্থিক সেবা পরিচালিত হচ্ছে। এসব কারণে অল্প সময়ে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে এ কার্যক্রম। এতে করে স্বল্প সময়ের মধ্যে গ্রাহকের সাড়া মিলেছে। এ সেবা ব্যবহার করে বেতন-ভাতা দেয়া ও ইউটিলিটি বিল পরিশোধের পরিমাণও বাড়ছে। কেন্দ্রীয় ব্যাংকের মতে, মোবাইল ব্যাংকিং শুরুর মাত্র তিন বছরের মধ্যে এ অর্জন দেশের আর্থিক খাতে বিশেষ অবদান রাখবে ◆

# গুইন সম্মাননা পেলেন লুনা শামসুদ্দোহা

প্রযুক্তিতে বিশেষ অবদান রাখায় আন্তর্জাতিক সম্মাননা পেয়েছেন দোহাটেক নিউ মিডিয়ার চেয়ারম্যান ও বাংলাদেশ উইমেন ইন টেকনোলজির প্রেসিডেন্ট লুনা শামসুদ্দোহা। প্রযুক্তি খাতে নারীদের এগিয়ে নিয়ে যাওয়া ও নারীর ক্ষমতায়ন বাড়ানোর কারণে গ্লোবাল উইমেন ইনভেন্টরস অ্যান্ড ইনোভেটরস নেটওয়ার্ক (গুইন) সম্মাননা পেয়েছেন তিনি। সম্প্রতি সুইডেনের স্টকহোমে অনুষ্ঠিত চতুর্থ দ্বিবার্ষিক ইউরোপিয়ান উইমেন ইনভেন্টরস অ্যান্ড ইনোভেটরস নেটওয়ার্ক এক্সিবিশন, কনফারেন্স অ্যান্ড অ্যাওয়ার্ড অনুষ্ঠানে তাকে এ সম্মাননা দেয়া হয়। ২০০৬ সালে ব্রুসেলসে ইউরোপীয় পার্লামেন্টে ইউরোপিয়ান উইমেন ইনভেন্টরস অ্যান্ড ইনোভেটরস নেটওয়ার্ক গঠিত হয়। এরপর থেকেই দুই বছর পরপর ইউরোপে এ ধরনের আয়োজন হয়ে আসছে।



অনুষ্ঠানে বিশ্বের প্রায় ২০০ উদ্ভাবনী এবং সফল ব্যবসায় উদ্যোক্তা ও কর্মকর্তারা অংশ নেন। বাংলাদেশ ছাড়া এতে পোল্যান্ড, ক্রোয়েশিয়া, যুক্তরাজ্য, ফ্রান্স, ফিনল্যান্ড, এস্তোনিয়া, আইসল্যান্ডসহ বিশ্বের বিভিন্ন দেশ অংশ নেয়। সম্মাননা ছাড়াও লুনা শামসুদ্দোহা অনুষ্ঠানে ইউরোপ অ্যান্ড ইমার্জিং মার্কেট সেশনে 'ফোকাস অন ইন্টারন্যাশনাল মার্কেট অ্যান্ড পার্টনারশিপ অপরচুনিটিস' বিষয়ে বক্তব্য দেন। এছাড়া স্পেশালিস্ট প্যানেল হিসেবে দায়িত্ব পালন করেন তিনি ◆

# ল্যাপটপ কিনতে ঋণ দেবে এনজিও

*কমপিউটার জগৎ রিপোর্ট ॥* সরকারের লার্নিং অ্যান্ড আর্নিং কর্মসূচিকে এগিয়ে নেয়ার জন্য পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) দেশের বেসরকারি সংস্থার (এনজিও) মাধ্যমে প্রত্যেক ফ্রিল্যান্স আউটসোর্সিং প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ কিনতে ঋণ সহায়তা দেবে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এবং পিকেএসএফ থেকে দু'জন করে মোট চারজনকে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত করা হয়েছে। সম্প্রতি পিকেএসএফ মিলনায়তনে লার্নিং অ্যান্ড আর্নিং বিষয়ক এক কর্মশালায় সংস্থাটির ব্যবস্থাপনা পরিচালক আবদুল করিম এ কথা জানান। কর্মশালায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান লার্নিং অ্যান্ড আর্নিং প্রোগ্রামের মাধ্যমে দেশে ফ্রিল্যান্সার থেকে উদ্যোক্তা এবং উদ্যোক্তা থেকে বিজনেস প্রসেস আউটসোর্সিং বা আইটি ইন্ডাস্ট্রিয়ালিস্ট তৈরির কর্মপরিকল্পনা নিয়ে একটি প্রেজেন্টেশন দেখান। সচিব নজরুল ইসলাম খান বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের লার্নিং অ্যান্ড আর্নিং প্রোগ্রামের মাধ্যমে ৯ মাসে ১৫ হাজার ফ্রিল্যান্সার তৈরি হয়েছে। অনলাইন মার্কেটপ্লেসে দেশের ফ্রিল্যান্সারদের অবদানের কথা উল্লেখ করে তিনি বলেন, ওডেস্কে পাকিস্তান, রাশিয়া, যুক্তরাষ্ট্র ও ইউক্রেনকে পেছনে ফেলেছে বাংলাদেশ। ফ্রিল্যান্সারদের কাজের প্রবৃদ্ধি বিগত ৯ মাসে বেড়েছে ১০২ শতাংশ। ফ্রিল্যান্স আউটসোর্সিং খাত থেকে বাংলাদেশের আয় এ বছর ৪০ মিলিয়ন মার্কিন ডলার ছড়িয়ে যেতে পারে বলে তিনি জানান। তিনি আরও জানান, আগামী বছর লার্নিং অ্যান্ড আর্নিং প্রোগ্রামের মাধ্যমে ৪৫ হাজার ফ্রিল্যান্সার তৈরির পরিকল্পনা নেয়া হয়েছে। সরকারের লক্ষ্য প্রথমে ফ্রিল্যান্সার তৈরি করা। পরে এসব ফ্রিল্যান্সারের মধ্য থেকে উদ্যোক্তা এবং শেষে এসব উদ্যোক্তার মধ্য থেকে বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) বা আইটি ইন্ডাস্ট্রিয়ালিস্ট তৈরি করা হবে ◆

# ইউআইএসসি থেকে সাড়ে ৪ কোটি সেবা প্রদান

*কমপিউটার জগৎ রিপোর্ট ॥* দেশের ইউনিয়ন পরিষদে স্থাপিত ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি) থেকে তিন বছরে প্রায় সাড়ে ৪ কোটি সেবা দেয়া হয়েছে। আর এসব সেবা দিয়ে উদ্যোক্তারা মোট আয় করেছেন ১৩০ কোটি টাকার বেশি। ইউআইএসসি থেকে দেয়া উল্লেখযোগ্য সেবার মধ্যে রয়েছে অনলাইনে সাড়ে ৩ কোটির বেশি জন্মনিবন্ধন, বিদেশ গমনেচ্ছু প্রায় ২০ লাখ নাগরিকের অনলাইন নিবন্ধন এবং সাড়ে ৪ লাখ জমির দলিলের নকল ও পর্চা লাভ। প্রান্তিক পর্যায়ের জনগণের দোরগোড়ায় তথ্যপ্রযুক্তি সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে দেশের সব ইউনিয়নে এসব সেবাকেন্দ্র স্থাপন করা হয়। স্থানীয় সরকার বিভাগ ও ইউএনডিপির অর্থায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে এসব কেন্দ্র চালু রয়েছে। সম্প্রতি এসব কেন্দ্র স্থাপনের তিন বছর পূর্ণ হয়েছে। এসব কেন্দ্রের সাফল্যের ধারাবাহিকতায় দেশের সব সিটি কর্পোরেশনের ৪০৭টি ওয়ার্ডে এবং সব পৌরসভার প্রতিটি ওয়ার্ডে একই ধরনের তথ্য ও সেবাকেন্দ্র স্থাপনের কাজ এগিয়ে চলছে। প্রতিটি ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রে একজন নারী ও একজন পুরুষ উদ্যোক্তার পাশাপাশি একাধিক নারী ও পুরুষ বিকল্প উদ্যোক্তা হিসেবে কাজ করছেন। তথ্য ও সেবা দেয়ার পাশাপাশি এতে ১০ হাজারের বেশি গ্রামীণ তরুণ-তরুণীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এসব তথ্য ও সেবাকেন্দ্র থেকে গ্রামের মানুষ এখন খুব সহজে সরকারি ফরম, নোটিস, পাসপোর্ট, ভিসা সংক্রান্ত তথ্য, জাতীয় ই-তথ্যকোষ, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, আইন বিষয়ক তথ্য, চাকরির খবর, নাগরিকত্ব সনদপত্র, পাবলিক পরীক্ষার ফলসহ অন্যান্য সরকারি সেবা পাচ্ছেন। এর বাইরে গ্রামের মানুষ বিদেশে চাকরির অনলাইন নিবন্ধন, ডিসি অফিসে জমির পর্চার আবেদন, মোবাইল ব্যাংকিং, জীবন বীমা সুবিধা, বিদ্যুতের বিল পরিশোধ, মাটি পরীক্ষা ও সার সুপারিশ, জন্ম-মৃত্যু নিবন্ধন, পাবলিক পরীক্ষার ফল, বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া, ই-মেইল করা, ইন্টারনেট ব্যবহার করা, স্বাস্থ্য তথ্য, কমপিউটার প্রশিক্ষণ, মোবাইল ফোন রিচার্জ করা, কমপিউটার কম্পোজ, প্রিন্ট দেয়া, ছবি তোলা ইত্যাদি সেবা পাচ্ছেন ◆

# গুগলের তারবিহীন চার্জার বাজারে

গুগলের তারবিহীন চার্জার এখন বাজারে। নেক্সাসের ডিভাইসগুলোর জন্য তৈরি এ চার্জার আপাতত যুক্তরাষ্ট্র ও কানাডার ব্যবহারকারীরা পাচ্ছেন। আগ্রহী ক্রেতারা চার্জার কিনতে অনলাইনেও ফরমায়েশ দিতে পারবেন। আকারে ছোট (৬০ বাই ১২.৫ মিমি) চার্জারটি গুগলের নেক্সাস ৪, নেক্সাস ৫ স্মার্টফোন ও নেক্সাস ৭ ট্যাবলেটের উপযোগী করে তৈরি করা হয়েছে। এর দাম পড়বে ৪৯.৯৯ ডলার। ৯ ওয়াট ও ১.৮ অ্যাম্পিয়ার এ/সি চার্জারটিতে যুক্ত করা হয়েছে মাইক্রো-ইউএসবি ক্যাবল। সাথে ওয়ারেন্টিও থাকছে। চার্জারের পাশাপাশি নেক্সাস ৫-এর জন্য নতুন কেসও এনেছে গুগল। ৩৪.৯৯ ডলার গুনেই কিনতে হবে এসব কেস ◆

## আন্তর্জাতিক পুরস্কার পেল চুয়েট শিক্ষার্থীর প্রকল্প

যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে আয়োজিত এক আন্তর্জাতিক ডিজাইন প্রতিযোগিতায় ৩৭ দেশের প্রতিদ্বন্দ্বীকে পেছনে ফেলে পুরস্কার জিতেছে বাংলাদেশের একটি প্রকল্প। 'বে ব্রিজ হাউস ডিজাইন কনটেস্ট' শীর্ষক এক প্রতিযোগিতায় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) স্থাপত্য বিভাগের শিক্ষার্থী কাজী সামসুদ তামজীদের 'অ্যান ইনভিজিবল ট্রায়াঙ্গেল' প্রকল্পটি বোর্ড মেম্বার চয়েস ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়েছে। এছাড়া একই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী অমিত ইমতিয়াজের 'বে ব্রিজ বেনিয়ান হাউস' প্রকল্পটি বাছাই করা ১৪ প্রজেক্টের মধ্যে স্থান পেয়েছে। কাজী সামসুদ তামজীদ জানান, বিশ্বের অন্যতম বৃহত্তম সেতু সানফ্রান্সিসকো-অকল্যান্ড বে ব্রিজ নতুন করে নির্মাণ করায় আগের ব্রিজটির ধ্বংসাবশেষ রয়ে গেছে। এ ধ্বংসাবশেষ দিয়ে পরিবেশবান্ধব বাড়ি তৈরির প্রকল্প হাতে নিয়েছে বে ব্রিজ হাউস। এসব বাড়ি তৈরির ডিজাইন চেয়ে সম্প্রতি 'বে ব্রিজ হাউস ডিজাইন প্রতিযোগিতার' আয়োজন করা হয়। গত ১ সেপ্টেম্বর থেকে ২০ অক্টোবর বাংলাদেশসহ ৩৭ দেশের প্রতিযোগীরা ৭৩টি প্রকল্প জমা দেন। গত ৩০ অক্টোবর প্রতিযোগিতার ফল ঘোষণা করা হয়। পুরস্কার হিসেবে সার্টিফিকেট, তৈরি করা বাড়িগুলোর ডেভেলপার হিসেবে বিজয়ীর নাম লেখাসহ আরও অনেক কিছু থাকবে বলে বে ব্রিজ হাউসের ওয়েবসাইটে জানানো হয়েছে ◆

## লাইসেন্স পেল ওলো

আদালতের রুলিং উপেক্ষা করে ওলোর মূল কোম্পানি বাংলাদেশ ইন্টারনেট এক্সচেঞ্জকে (বিআইএল) ওয়াইম্যাক্স লাইসেন্স দিল টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। সম্প্রতি কোম্পানিটিকে নামমাত্র মূল্যে অধিক শক্তিশালী স্পেকট্রাম সংবলিত লাইসেন্স দেয় কমিশন। অথচ এর আগে হাইকোর্ট টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সচিব, বিটিআরসির চেয়ারম্যানকে রেসপন্সিভ করে রুল জারি করে কেনো লাইসেন্স দেয়া অবৈধ ঘোষণা করা হবে না। কিন্তু উচ্চ আদালতের রুলের জবাব না দিয়েই লাইসেন্স দিল বিটিআরসি। চলতি মাসের প্রথম সপ্তাহে ওলোকে লাইসেন্স দেয়ার বিষয়টি চ্যালেঞ্জ করে সরকারের টেলিযোগাযোগ মন্ত্রণালয় ও বিটিআরসির বিরুদ্ধে রিট করেছিলেন ওমর ফারুক নামে এক আইনজীবী। এতে টেলিযোগাযোগ সচিব, একজন যুগ্ম সচিব ও বিটিআরসির একজন মহাপরিচালকসহ আরও কয়েকজনকেও পক্ষ করা হয়। রিটের পিটিশনে দাবি করা হয়েছে, বিআইএল নামে কোম্পানিটিকে লাইসেন্স দেয়া অবশ্যই আইনের খেলাপ। বিটিআরসির আইনেই আছে, নিলাম ছাড়া কোনো লাইসেন্স বা স্পেকট্রাম কাউকে দেয়া যাবে না। বিটিআরসি সূত্রে জানা গেছে, বিআইএল কর্তৃপক্ষ ১৫ শতাংশ ভ্যাটসহ ১৪১ কোটি ২৮ লাখ ৩২ হাজার টাকা জমা দিয়ে লাইসেন্স নিয়েছে। রাশিয়ান মালিকানাধীন এ কোম্পানিকে আরও সমপরিমাণ টাকা দিতে হবে পরের দুই সপ্তাহের মধ্যে ◆

## সুপার কমপিউটারে আবারও শীর্ষে দ্য তিয়ানহে-২

বিশ্বের সবচেয়ে দ্রুতগতির সুপার কমপিউটারের তালিকার শীর্ষস্থান ধরে রেখেছে চীনের দ্য তিয়ানহে-২। বিশ্বের সবচেয়ে দ্রুত ৫০০ সুপার কমপিউটারের যে তালিকা করেছে জার্মানির ম্যানহেইম বিশ্ববিদ্যালয়, তার শীর্ষে রয়েছে তিয়ানহে। কমপিউটারটি প্রতি সেকেন্ডে ৩৩ দশমিক ৮৬ পেটাফ্লপ (১০০০ ট্রিলিয়নে ১ পেটাফ্লপ) গতিতে গাণিতিক হিসাব করতে সক্ষম। চীনের ন্যাশনাল ইউনিভার্সিটি অব ডিফেন্স টেকনোলজির গবেষকেরা বিশ্বের দ্রুতগতির এ সুপার কমপিউটারটির নির্মাতা। তালিকায় দ্বিতীয় অবস্থানে থাকা টাইটানের ক্ষমতা ১৭ দশমিক ৫৯ পেটাফ্লপ। এরপর রয়েছে সেকোইয়া, যার ক্ষমতা ১৭ দশমিক ১৭ পেটাফ্লপ। শীর্ষ ১০-এ থাকা অন্য সুপার কমপিউটারগুলো হলো কে কমপিউটার, মিরা, পিজ ডেইন্ট, স্ট্যাম্পেড, জ্যাকুইন, ভালক্যান ও সুপার মাক। জটিল গাণিতিক হিসাবের কাজে এসব সুপার কমপিউটার ব্যবহার করা হয়। যুক্তরাষ্ট্রের তৈরি টাইটান সুপার কমপিউটারকে টেক্কা দিয়ে গত জুনে সেরা সুপার কমপিউটারের খেতাব পায় দ্য তিয়ানহে-২ ◆

## ২০ হাজার সরকারি কর্মকর্তা পাচ্ছেন ডিজিটাল সিগনেচার

আগামী চার মাসের মধ্যে দেশের ২০ হাজার সরকারি কর্মকর্তাকে ডিজিটাল সিগনেচার সার্টিফিকেট সরবরাহ করা হবে। পাইলট প্রকল্প হিসেবে বিবেচিত এ প্রকল্প শেষ হলে ধারাবাহিকভাবে দেশের সব সরকারি কর্মকর্তা এ সুবিধা পাবেন। ফলে ইন্টারনেটের মাধ্যমে ফাইল দেয়া-নেয়া আরও নিরাপদ হবে। কর্মকর্তারা যেখানেই অবস্থান করুক না কেনো, সেখান থেকেই দাফতরিক কাজ সম্পন্ন করতে পারবেন। ডিজিটাল সিগনেচার দেয়ার এ কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে কাজ করবে সফটওয়্যার সেবাদাতা প্রতিষ্ঠান ডাটা এজ। এ লক্ষ্যে সম্প্রতি একটি চুক্তি স্বাক্ষর হয়। চুক্তি স্বাক্ষর করেন সরকার নিয়ন্ত্রিত ইলেকট্রনিক সনদের নিয়ন্ত্রক সংস্থা কন্ট্রোলার অব সার্টিফায়িং অথরিটির (সিসিএ) নিয়ন্ত্রক জি ফকরুদ্দিন আহমদ এবং ডাটা এজের ব্যবস্থাপনা পরিচালক মো: আসিফুজ্জামান। অনুষ্ঠানে জানানো হয়, ডাটা এজ আগামী ৪ মাসের মধ্যেই নির্বাচিত ২০ হাজার সরকারি কর্মকর্তাকে এ ডিজিটাল সিগনেচার সার্টিফিকেট (ডিএসসি) দেবে। বিভাগীয় পর্যায়ে এসব কর্মকর্তার ডিজিটাল সিগনেচার ব্যবহারের প্রশিক্ষণও দেয়া হবে। ইতোমধ্যে ২৬০ কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া ডাটা এজ ভেরিফিকেশনের কাজটিও করবে। বছরখানেক পর এ বিষয়ে গ্রাহকসেবাও দেবে প্রতিষ্ঠানটি। ডিজিটাল সিগনেচার সার্টিফিকেট দেয়ার এ প্রকল্পে অর্থায়ন করছে আইসিটি মন্ত্রণালয়। পরে সংশ্লিষ্ট সরকারি অফিস এর ব্যয়ভার বহন করবে বলে জানানো হয় ◆

## মোবিলিটি পাচ্ছে র‍্যাংকসটেল

বর্তমানে চালু দেশের একমাত্র বেসরকারি ল্যান্ডফোন অপারেটর র‍্যাংকসটেল মোবাইল ফোন অপারেটরের মতো সেবা দেয়ার সুযোগ পেতে যাচ্ছে। সম্প্রতি এ সংক্রান্ত একটি প্রস্তাব টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) সরকারের অনুমোদনের জন্য পাঠিয়েছে। প্রস্তাবটি অনুমোদিত হলে র‍্যাংকসটেলও দেশের সবচেয়ে পুরনো অপারেটর সিটিসেলের মতো সিডিএমএ সার্ভিসসহ মোবাইল সেবা দিতে পারবে। তবে বর্তমানে রাজধানীতে র‍্যাংকসটেলের ফোন অনানুষ্ঠানিকভাবে মোবাইল ফোনের মতো মোবিলিটি সুবিধা নিয়ে ব্যবহার করা হচ্ছে। জানা গেছে, কোম্পানিটি সীমিত পর্যায়ে মোবিলিটির অনুমোদন নিয়ে এ কার্যক্রম চালাচ্ছে। এক বিটিএসের মধ্যে বহন করার অনুমোদন দিয়েছে নিয়ন্ত্রক সংস্থা। তবে তা পুরো শহরেই ব্যবহার করা হচ্ছে। এদিকে র‍্যাংকসটেলকে মোবিলিটি দেয়ার প্রস্তাবের কড়া বিরোধিতা করেছে মোবাইল ফোন অপারেটরগুলো। মোবাইল ফোন অপারেটরদের পক্ষে খুব একটা যুক্তি না থাকলেও তারা প্রতিযোগীর সংখ্যা বাড়াতে চাইছে না, সে বিষয়টি পরিষ্কার। এর আগে ২০১০ সালে একবার ভিওআইপির অবৈধ ব্যবসায়ের সাথে জড়িত থাকার অভিযোগে র‍্যাংকসটেলের সেবা বন্ধ হয়ে যায়। পরে প্রায় দুই বছর পর তারা আবার সেবা দিতে শুরু করেছে। বর্তমানে তাদের গ্রাহকসংখ্যা ১ লাখের বেশি ◆

## সফটওয়্যার রফতানিতে ধস নাকি তথ্যের অসঙ্গতি!

চলতি অর্থবছরের প্রথম দুই মাসে সফটওয়্যার রফতানি থেকে আয় হয়েছে ২ কোটি ৭ লাখ ১০ হাজার ডলার। আর তিন মাসের শেষে আয় দাঁড়িয়েছে ২ কোটি ৭ লাখ ৯০ হাজার ডলার। তাহলে সেপ্টেম্বর মাসে শুধু ৮০ হাজার ডলার সফটওয়্যার রফতানি হয়েছে? রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ রফতানি আয়ের প্রতিবেদনে দেয়া এমন তথ্যের পর এ প্রশ্নই দেখা দিয়েছে। ইপিবির দেয়া পরিসংখ্যান সঠিক হলে সেপ্টেম্বরে সফটওয়্যার রফতানিতে ধস নেমেছে। এ হিসাব অনুযায়ী, এ সময়ের লক্ষ্যমাত্রা থেকেও অনেক পিছিয়ে পড়বে এ খাতের আয়। ইপিবি সম্প্রতি ২০১৩-১৪ অর্থবছরের প্রথম চার মাসের হালনাগাদ রফতানি আয়ের প্রতিবেদন প্রকাশ করে। জুলাই-অক্টোবর সময়ের এ প্রতিবেদনে সফটওয়্যার খাতের হিসাব দেয়া আছে সেপ্টেম্বর পর্যন্ত। চলতি অর্থবছরের প্রথম তিন মাসে এ খাতের রফতানি আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩ কোটি ৬৮ লাখ ৭০ হাজার ডলার। ইপিবির সর্বশেষ হিসাব সঠিক হলে লক্ষ্যমাত্রা থেকে অনেক পিছিয়ে এ খাতের আয়। যদিও গত অর্থবছরের একই সময়ের চেয়ে তা অনেক বেশি। গত বছর একই সময়ে আয় হয়েছিল ১ কোটি ৫ লাখ ৮০ হাজার ডলার। চলতি অর্থবছরে মোট আয়ের লক্ষ্য ধরা হয়েছে ১৫ কোটি ৪৪ লাখ ৫০ হাজার ডলার। তবে এ খাতের সংশ্লিষ্টরা ইপিসির দেয়া তথ্যের সাথে দ্বিমত করে বলেছেন, আয়ের যে অঙ্ক দেখানো হচ্ছে তা থেকে প্রকৃত আয় আরও অনেক বেশি ◆

## বাজারে এমএসআই ব্র্যান্ডের গেমিং মাদারবোর্ড

গেমারদের জন্য ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের গেমিং সিরিজের মাদারবোর্ড বি৮৫-জি৪৩। ইন্টেল চিপসেটের তৈরি এ মাদারবোর্ডটি মিলিটারি ক্লাস ৪ প্রযুক্তিতে তৈরি, যা মাদারবোর্ডটিকে করবে টেকসই। ইউএসবি ও সাটা ৬ থাকায় পারফরম্যান্স পাওয়া যাবে গতানুগতিক মাদারবোর্ড থেকে অনেক বেশি। রয়েছে তিনটি ডিসপ্লে আউটপুট সুবিধা। ইন্টেল প্রসেসর ব্যবহারকারীদের জন্য সুপার রেইচের পাশাপাশি প্রয়োজনীয় সেটআপ রয়েছে মাদারবোর্ডটির সাথে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭



## চট্টগ্রামে ওরাকল ও সিসিএনএ কোর্সে ভর্তি

বন্দরনগরী চট্টগ্রামে দ্য কমপিউটারস লিমিটেডে আইবিসিএস-প্রাইমেক্সের তত্ত্বাবধানে ওরাকল ১০জিডিবিএ অ্যান্ড ডেভেলপার কোর্সে ভর্তি চলছে। এ ছাড়া রেডহ্যাট লিনআক্স, জেন্ড সার্টিফিকেশন ও সিসিএনএ প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭৬০৪৮৬৭৯৫ (চট্টগ্রাম), ০১৭১৩৩৯৭৫৬৭-৮ (ঢাকা)

## মাইক্রোনেটের নতুন ওয়্যারলেস ব্রডব্যান্ড রাউটার

গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে মাইক্রোনেট কোম্পানির এসপি৯১৬এনই মডেলের ৩০০ এমবিপিএস ওয়্যারলেস ব্রডব্যান্ড রাউটার। এটি আইট্রিপলই৮০২.১১ বি/জি/এন ওয়্যারলেস স্ট্যান্ডার্ড সমর্থন করে। রয়েছে ৬৪-/১২৮ বিট ডবিউপিএ, ডবিউপিএ২ সিকিউরিটি ফিচার, যা হ্যাকারদের অবৈধ অনুপ্রবেশ থেকে নেটওয়ার্ককে রক্ষা করে। এছাড়া রয়েছে ১০/১০০ ইউটিপি ওয়্যান পোর্ট ও ৪টি ১০/১০০ ইউটিপি ল্যান পোর্ট। ২.৪ গিগাহার্টজ ফ্রিকোয়েন্সি ব্যান্ড, এইচডিসিপি (সার্ভার/ক্লায়েন্ট), ভার্চুয়াল ডিএমজেডসহ রয়েছে ওয়েবসাইট ব্লক সুবিধা। দাম ৪ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩



## প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল (পিএমপি) কোর্সে ভর্তি চলছে। সার্টিফায়েড প্রশিক্ষক দিয়ে আগামী ২৫ থেকে ২৮ ডিসেম্বর এ কোর্স চলবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## ক্লাউড সেবায় বিনিয়োগ বাড়াচ্ছে ওরাকল

বিশ্বের দ্বিতীয় বৃহত্তম সফটওয়্যার কোম্পানি ওরাকল কর্পোরেশন তাদের ক্লাউড সেবার পরিসর বাড়াতে বিপুল পরিমাণ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে আরও চারটি ক্লাউড সার্ভিস সেন্টার খুলেছে প্রতিষ্ঠানটি। ওরাকল জানায়, কানাডা ও জার্মানিতে নতুন এ চারটি সেন্টার স্থাপন করা হবে। এ নিয়ে ওরাকলের মোট ক্লাউড সেন্টারের সংখ্যা হবে ১৭। ফলে গ্রাহকেরা আরও উন্নত সেবা পাবেন বলে আশা করছেন সংশ্লিষ্টরা। ওরাকলের প্রেসিডেন্ট মার্ক হার্ড বলেন, ক্লাউড সার্ভিসের জন্য ওরাকল সবসময়ই প্রথম পছন্দ। গ্রাহকদের আরও উন্নত এবং আধুনিক সেবা দিতে এ খাতে আমরা আরও বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছি। তারই প্রথম ধাপ হিসেবে নতুন এ চারটি সেন্টার খোলা হচ্ছে

## সবসময়ের সঙ্গী ডেল এন৩৪২১




ডেল ব্র্যান্ডের ইন্সপায়রন সিরিজের এন৩৪২১ নোটবুক বাজারে এনেছে কমপিউটার সোর্স। ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার তৃতীয় প্রজন্মের এ নোটবুকটিতে রয়েছে ১.৮ গিগাহার্টজের ৩২১৭ইউ মডেলের প্রসেসর, ইন্টেল এইচডি গ্রাফিক্স ও ২ জিবি র‍্যাম। দুটি স্লট থাকায় প্রয়োজনে তা ৮ জিবি পর্যন্ত বাড়ানো যাবে। রয়েছে ৫০০ জিবি হার্ডডিস্ক, এইচডিএমআই পোর্ট। ৪ সেল লিথিয়াম আয়ন ব্যাটারি থাকায় এক চার্জে টানা তিন ঘণ্টারও বেশি ব্যাকআপ দেয়। দাম ৩৬ হাজার ৩০০ টাকা। সাথে রয়েছে একটি অরিজিনাল ক্যারিকেস ও এক বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৭৩০৩৪১৫২৩

## আসুসের ২ জিবি ভিডিও মেমরির গেমিং গ্রাফিক্স কার্ড



আসুসের এইচডি৭৮৭০-ডিসি২-২জিডি৫ মডেলের নতুন গেমিং গ্রাফিক্স কার্ড বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। পিসিআই এক্সপ্রেস ৩.০ বাস স্ট্যান্ডার্ডের এ গ্রাফিক্স কার্ডটিতে রয়েছে এএমডি রেডিয়ন এইচডি৭৮৭০ গ্রাফিক্স ইঞ্জিন, যার ভিডিও মেমরি ২ গিগাবাইট। গ্রাফিক্স কার্ডটি মাল্টি-জিপিইউ প্রযুক্তির ক্রসফায়ারএক্স, ডিরেক্টএক্স ১১, এইচডিসিপি প্রভৃতি সমর্থন করে। ডিরেক্ট সিইউ সিরিজের এ গ্রাফিক্স কার্ডটিতে আরও রয়েছে ১০০০ মেগাহার্টজ ইঞ্জিন ক্লক, সর্বোচ্চ ২৫৬০ বাই ১৬০০ পিক্সেলের ডিসপ্লে আউটপুট রেজ্যুলেশন। এছাড়া রয়েছে এইচডিএমআই আউটপুট, ডিভিআই আউটপুট, ডি-সাব আউটপুট, ডিসপ্লে পোর্ট প্রভৃতি। দাম ২৬ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## এ বছর স্মার্টফোন বিক্রি ১ বিলিয়ন ছাড়াবে



চলতি বছর বিশ্বে ১ বিলিয়নের বেশি স্মার্টফোন বিক্রি হবে বলে ধারণা করা হচ্ছে। আগামী চার বছরে বিক্রির এ হার আরও বাড়বে বলে পূর্বাভাস দিয়েছে ইন্টারন্যাশনাল ডাটা কর্পোরেশন (আইডিসি)। বাজার বিশ্লেষণকারী প্রতিষ্ঠানটির সর্বশেষ তথ্যানুযায়ী, ২০১২ সালের তুলনায় চলতি বছরে ৩৯.৯ শতাংশ স্মার্টফোন বিক্রি বেড়েছে। এ ধারা পরবর্তী কয়েক বছরে আরও বাড়বে। বিশ্লেষকদের মতে, মাত্র কয়েক বছরের মধ্যে বর্তমানে স্মার্টফোন ব্যবহাকারীর সংখ্যা বিলিয়ন ছাড়িয়ে গেছে। এ সংখ্যা আরও বাড়বে। একে অপরের সাথে যুক্ত থাকা এবং যোগাযোগের মাধ্যম হিসেবে স্মার্টফোন খুব বেশি জনপ্রিয় ব্যবহারকারীদের কাছে। প্রতিষ্ঠানটির মতে, প্রায় সব ধরনের ক্রেতার ক্রয়সীমার মধ্যে দাম কমে আসায় মূলত স্মার্টফোন বিক্রি বেড়েছে। এখন গড়ে ৩৩৭ ডলার দামে বিক্রি হচ্ছে একেকটি হ্যান্ডসেট, যা আগের বছর থেকে ১২ শতাংশ কমেছে। আইডিসি ধারণা করছে, ২০১৭ সালে স্মার্টফোনের গড় মূল্য ২৬৫ ডলার হবে এবং ১.৭ বিলিয়ন স্মার্টফোন বিক্রি হবে, যা ২০১৩ সাল থেকে ১৮.৪ শতাংশ বেশি

## এইচপির নতুন ল্যাপটপ ১৪১৮টিইউ

মূল্য সংবেদনশীলতার সুবিধা নিয়ে এইচপি ব্র্যান্ডের ১৪১৮টিইউ মডেলের ল্যাপটপ বাজারে এনেছে কমপিউটার সোর্স। নোটবুকটিতে রয়েছে ২.৪ গিগাহার্টজ গতির ইন্টেল কোরআই৩ প্রসেসর, ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম, ৪০০০ এইচডি গ্রাফিক্স, ৫৪০০ আরপিএম গতির ৫০০ জিবি সাটা হার্ডডিস্ক। ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার এ নোটবুকটির মাল্টিটাস্ক গেশ্চার সুবিধা থাকলেও প্রয়োজনে তা বন্ধ রাখতে পারবেন। ফলে যারা টাইপ করার সময় স্পর্শ মাউসের জন্য কাজে সমস্যায় পড়েন, তারা চাইলে এটি বন্ধ রেখে কাজ করতে পারবেন। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ নোটবুকটির দাম ৩৭ হাজার ৭৫০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০০০৯৩



## রেডহ্যাট এন্টারপ্রাইজ ক্লাস্টেরিং অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট এন্টারপ্রাইজ ক্লাস্টেরিং অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## স্মার্ট টেকনোলজিসের স্থায়ী কার্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন




'জহির স্মার্ট টাওয়ার'-এর ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে অন্যান্যের মাঝে মো: জহিরুল ইসলাম

স্মার্ট টেকনোলজিসের স্থায়ী কার্যালয় 'জহির স্মার্ট টাওয়ার'-এর ভিত্তিপ্রস্তর উদ্বোধন হয়েছে। গত ২২ নভেম্বর পশ্চিম কাফরুলে অবস্থিত ১৫ তলার এ ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন স্মার্ট টেকনোলজিসের ব্যবস্থাপনা পরিচালক মো: জহিরুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্মার্ট টেকনোলজিসের মহাব্যবস্থাপক জাফর আহমেদ, স্মার্ট প্রপার্টিজ লিমিটেডের মহাব্যবস্থাপক খন্দকার মাহবুব আলম, স্মার্ট টেকনোলজিসের হেড অব ফাইন্যান্স জাকির হোসেন, হেড অব এইচআর একেএম শফিক-উল-হক প্রমুখ ◆

## নতুনরূপে জবসসিটিজি ডটকম

চট্টগ্রামবাসীর জন্য অনলাইনে চাকরি ও ক্যারিয়ার পোর্টাল জবসসিটিজি (www.jobsctg.com) নতুনরূপে যাত্রা শুরু করেছে। ২০০৭ সালে তৈরি এ ওয়েবসাইটি গত ১ অক্টোবর আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে।




ওয়েব ও সফটওয়্যার ডেভেলপমেন্ট প্রতিষ্ঠান রয়েক্স টেকনোলজি সাইটটি নিয়ন্ত্রণ করছে। কর্তৃপক্ষ জানায়, যারা চট্টগ্রামে থাকেন অথবা কাজ করতে চান তারা সহজেই এখানে তাদের সিভি জমা ও চাকরিদাতারা এখান থেকে সহজেই যোগ্য প্রার্থীকে বেছে নিতে পারবেন ◆

## ডেলের চতুর্থ প্রজন্মের ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ডেলের ইন্সপায়রন ১৫আর (এন৫৫৩৭) মডেলের ল্যাপটপ। আকর্ষণীয় ডিজাইনের এ ল্যাপটপটিতে রয়েছে ১.৬ গিগাহার্টজ গতির চতুর্থ প্রজন্মের ইন্টেল কোরআই৫ প্রসেসর, ইন্টেল চিপসেটের গ্রাফিক্স, ১৫.৬ ইঞ্চির প্রশস্থ ডিসপ্লে, ৬ জিবি ডিডিআর৩ র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ডিভিডি রাইটার, ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ ৪.০, এইচডি অডিও, বিল্ট-ইন স্পিকার ও মাইক্রোফোন, ওয়েবক্যাম, মেমরি কার্ডরিডার, এইচডিএমআই পোর্ট ইত্যাদি। সাথে রয়েছে সুদৃশ্য ল্যাপটপ ব্যাগ। দাম ৫৪ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯০৬ ◆

## এমএসআই ব্র্যান্ডের গ্রাফিক্স কার্ড বাজারে



ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের এন৭৭০টিএফ মডেলের গ্রাফিক্স কার্ড। কার্ডটি মূলত ২ জিবির ও মেমরি জিডিডিআর ৫, ক্লকস্পিড ১১৭৩ মেগাহার্টজ, যা ওভারক্লক মুডে ১১৮৯ মেগাহার্টজ পর্যন্ত ব্যবহারোপযোগী। গেমিং মোডে ১০৮ মেগাহার্টজ, যা ওভারক্লক মোডে ১১০৭ মেগাহার্টজ পর্যন্ত ব্যবহারোপযোগী এবং সাইলেন্ট মুডে ১০৮৬ মেগার্টহাজ, যা ওভারক্লক করে ১০৮৫ মেগাহার্টজ পর্যন্ত ব্যবহারোপযোগী। আউটপুটের জন্য রয়েছে ডিভিআই-আই, ডিভিআই-ডি, ডিসপ্লে পোর্ট ও এইচডিএমআই পোর্ট। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭ ◆

## ডেলের নতুন গেমিং ল্যাপটপ



কোরআই৫ প্রসেসর ও এনভিডিয়া ২ জিবি ডিডিআর৩ গ্রাফিক্স সমন্বিত ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার তৃতীয় প্রজন্মের নতুন নোটবুক বাজারে এনেছে কমপিউটার সোর্স। একই সাথে গ্রাফিক্স কাজ ও গেম খেলার উপযোগী ডেল ব্র্যান্ডের এ নোটবুকটির প্রসেসিং গতি ২.৭ গিগাহার্টজ। রয়েছে ১৬০০ মেগাহার্টজ গতির ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম ও ১ টেরাবাইট হার্ডড্রাইভ। ইন্সপায়রন এন৩৪২১ মডেলের এ নোটবুকটিতে আরও রয়েছে ৬ সেল লিথিয়াম ব্যাটারি। ৫৩ হাজার ৯০০ টাকা দামের এ নোটবুকটি ক্রেডিট কার্ডেও কেনা যাচ্ছে। সাথে থাকছে ডেল ক্যারিকেস ও এক বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৭৩০৩৪১৫২৩ ◆

## রেডহ্যাট লিনআক্স সিকিউরিটি স্পেশালিস্ট প্রশিক্ষণে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্স সিকিউরিটি স্পেশালিস্ট (আরএইচসিএসএস) প্রশিক্ষণে শুক্রবার ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## লেনোভোর ১০.১ ইঞ্চির কোয়াড কোর থ্রিজি ট্যাবলেট

গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর এস৬০০০ মডেলের ট্যাবলেট পিসি। অ্যান্ড্রয়িড জেলি বিন ৪.২ মোবাইল অপারেটিং সিস্টেমের ট্যাবলেটটি ১.২ গিগাহার্টজ এমটি৮১২৫ কোয়াড কোর প্রসেসরে চালিত। রয়েছে ১০.১ ইঞ্চির ১২৮০ বাই ৮০০ পিক্সেল রেজ্যুলেশনের মাল্টি-টাচ আইপিএস ডিসপ্লে, যার ভিউয়িং অ্যাঙ্গেল ১৭৮ ডিগ্রি। এছাড়া রয়েছে ১ জিবি র‍্যাম, ১৬ জিবি হার্ডড্রাইভ, থ্রিজি, ডুয়াল ওয়েবক্যাম, ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ ৪.০, জিপিএস, জি সেন্সর ফাংশন, ডুয়াল স্টেরিও স্পিকার, মাইক্রো এইচডিএমআই, মাইক্রো ইউএসবি ইন্টারফেস ও মাইক্রো এসডি কার্ডরিডার প্রভৃতি। সর্বোচ্চ ৯ ঘণ্টা ব্যাকআপ দিতে সক্ষম ট্যাবলেটটির দাম ২৭ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯২৫ ◆



## আসুসের থ্রিজি ফোনপ্যাড ট্যাবলেট পিসি



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে থ্রিজি প্রযুক্তির আসুসের ফোনপ্যাড ট্যাবলেট পিসি। জিএসএম সিম ব্যবহার করে ফোনের সব ফাংশন এতে উপভোগ করা যায়। এটি অ্যান্ড্রয়িড ৪.১ জেলিবিন মোবাইল অপারেটিং সিস্টেম প্লাটফর্মের ও ১.৬ গিগাহার্টজ ইন্টেল অ্যাটম প্রসেসরে চালিত। রয়েছে ১৭৮ ডিগ্রি ভিউয়িং অ্যাঙ্গেলের ও ১২৮০ বাই ৮০০ পিক্সেল রেজ্যুলেশন আইপিএস প্যানেলের মাল্টি-টাচ ডিসপ্লে। আরও রয়েছে ১ জিবি র‍্যাম, ৮ জিবি ডাটা স্টোরেজ, ডুয়াল ওয়েবক্যাম, ওয়্যারলেস ল্যান ইত্যাদি। সর্বোচ্চ ৯ ঘণ্টা পাওয়ার ব্যাকআপের লিথিয়াম-পলিমার ব্যাটারি সংবলিত ট্যাবলেটটির দাম ২১ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪২২ ◆

## বাজারে তোশিবার গেমিং ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে তোশিবা স্যাটেলাইট পি৫০ মডেলের গেমিং ল্যাপটপ। ইন্টেলের চতুর্থ প্রজন্মের ৪৭০০এমকিউ মডেলের কোরআই৭ প্রসেসরসম্পন্ন এ ল্যাপটপে রয়েছে ১৫.৬ ইঞ্চি হাই ডেফিনেশন এলইডি ডিসপ্লে, ৮ গিগাবাইট ডিডিআর৩ র‍্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক, উইন্ডোজ ৮, ৪ গিগাবাইট এনভিডিয়া গ্রাফিক্স কার্ড, ব্লুটুথ ও ওয়াইফাই সুবিধা। ফ্রি ক্যারিং কেস ও এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ১ লাখ ২২ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৫৫৬০৬৩১৯ ◆

## ডেসল্ট সিস্টেমসের পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড

বিশ্বের শীর্ষস্থানীয় থ্রিডি ডিজাইন সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান ডেসল্ট সিস্টেমসের বাংলাদেশে একমাত্র পরিবেশক নিযুক্ত হয়েছে গ্লোবাল ব্র্যান্ড। এ মেলবন্ধন বাংলাদেশে




পরিকাঠামো তৈরি, নির্মাণ, পরিবহন, আর্থিক ও ব্যবসায়িক সেবাসহ বাংলাদেশের শিল্প খাতে সর্বাধুনিক নকশার সমাধানে যুগান্তকারী পরিবর্তন আনবে বলে প্রত্যাশা করছেন সংশ্লিষ্টরা। বর্তমানে ক্যাটিয়া, সলিডওয়ার্কস, সিমুলিয়া, ডেলমিয়া প্রভৃতি সফটওয়্যারের বাণিজ্যিক ও শিক্ষা বা গবেষণামূলক লাইসেন্স সংস্করণ বাংলাদেশে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪৭৯

## তোশিবা পোর্টিজি ৯৩০ মডেলের আল্ট্রাবুক

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে তোশিবা পোর্টিজি ৯৩০ মডেলের বিজনেস আল্ট্রাবুক। ইন্টেল কোরআই৭ প্রসেসরসম্পন্ন এ আল্ট্রাবুকটিতে রয়েছে ইন্টেল কিউএম৭৭ চিপসেট, ৪ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম (১৬ গিগাবাইট পর্যন্ত বর্ধনযোগ্য), ১৩.৩ ইঞ্চি ডিসপ্লে, ইন্টেল ৪০০০ মডেলের গ্রাফিক্স কার্ড, আল্ট্রাস্লিম ডিভিডি রাইটার, স্টেরিও স্পিকার, ৬৪০ গিগাবাইট হার্ডডিস্ক, স্পিল রেসিসট্যান্ট কিবোর্ড। তিন বছরের আন্তর্জাতিক বিক্রয়োত্তর সেবাসহ দাম ১ লাখ ৪৮ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৫৫৬০৬৩১৯



## এএমডি এফএক্স-৪৩০০ বাজেট প্রসেসর বাজারে



ইউসিসি বাজারে এনেছে এএমডি ব্র্যান্ডের ৪ কোর সিরিজের প্রসেসর এফএক্স-৪৩০০। কোরআই৩ সমতুল্য বলা হলেও এটি বেশি কার্যক্ষম। এর ক্লকস্পিড ৩.৮ গিগাহার্টজ, যা টার্বো মুডে ৪.০ গিগাহার্টজ পর্যন্ত বাড়ানো যায়। ৩২ ন্যানোমিটারে তৈরি ৪ কোরের এ প্রসেসরটিতে ব্যবহার হয়েছে পাইলড্রাইভার প্রযুক্তি। প্রসেসরটির বিদ্যুৎ খরচ ৬৫ ওয়াট ও ক্যাশ মেমরি ৮ এমবি। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭

## বিশেষ অফারসহ বাজারে টুইনমস স্মার্টফোন



টুইনমস ব্র্যান্ডের স্কাই ভি৫০১ মডেলের থ্রিজি স্মার্টফোন বাজারে এনেছে স্মার্ট টেকনোলজিস। কোয়ার্ড কোর ১.২ গিগাহার্টজসম্পন্ন এ স্মার্টফোনের রয়েছে অ্যান্ড্রয়িড ৪.২ জেলিবিন অপারেটিং সিস্টেম, ডুয়াল ব্যাটারি, ১ গিগাবাইট ফোন মেমরি, ৫ ইঞ্চি হাই ডেফিনেশন ডিসপ্লে, ১ গিগাবাইট র‌্যাম, ৪ গিগাবাইট রম, ৮ মেগাপিক্সেল ব্যাক ক্যামেরা, ৩ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা, ফ্ল্যাশ লাইট, জি সেন্সর, ম্যাগনেটিক সেন্সর, মাইক্রো ইউএসবি পোর্ট, এফএম রেডিও, থ্রিজি ভিডিও কল সুবিধা, ভয়েস রেকর্ডার, ব্লুটুথ ও ওয়াইফাই সুবিধা। স্মার্টফোনটির সাথে বিশেষ অফার ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস। অফারের আওতায় প্রতিটি স্মার্টফোনের সাথে একটি করে পোলো টি-শার্ট পাবেন ক্রেতারা। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ ফোনটির দাম ১৭ হাজার ৯০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০৫

## আসুসের চতুর্থ প্রজন্মের মাদারবোর্ড



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের এইচ৮৭-প্লাস মডেলের নতুন মাদারবোর্ড। ইন্টেল এইচ৮৭ চিপসেটের এ মাদারবোর্ডটি চতুর্থ প্রজন্মের ইন্টেল কোর প্রসেসর, পেন্টিয়াম, সেলেরন প্রসেসর সমর্থন করে। রয়েছে আসুসের ৫এক্স নিরাপত্তা ব্যবস্থা। এতে চারটি ডিডিআর৩ র‌্যাম স্লট থাকায় সর্বোচ্চ ৩২ জিবি র‌্যাম ব্যবহার করা যায় এবং অত্যাধুনিক পিসিআই এক্সপ্রেস ৩.০ স্লট থাকায় এএমডি কোয়াড-জিপিইউ ক্রসফায়ারএক্স মাল্টি-জিপিইউ সাপোর্ট করে। মাদারবোর্ডটি একই সাথে তিনটি ডিসপ্লে সাপোর্ট করে। রয়েছে ১ গিগাবাইট ভিডিও মেমরির বিল্ট-ইন গ্রাফিক্স, ৬টি সাটা পোর্ট, গিগাবিট ল্যান, ৮ চ্যানেল অডিও, ১৪টি ইউএসবি পোর্ট প্রভৃতি। দাম ১১ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন অ্যান্ড ইন্টারমিডিয়েট ট্রেনিংয়ে ছাড়

আইবিসিএস-প্রাইমেক্সে আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন কোর্সটির তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ ১৩ ও ১৪ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। গত দুই ব্যাচের শতভাগ সফলতার ধারাবাহিকতায় দুই দিনের ট্রেনিংটি শেষ করে অনলাইন পরীক্ষায় অংশ নেয়ার মাধ্যমে এবং পরীক্ষা শেষে সার্টিফিকেট পাবেন অংশগ্রহণকারীরা। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## দুই ঘণ্টায় ফুল চার্জের প্রোলিংক ইউপিএস




বিদ্যুৎ বিভ্রাট ও ভোল্টেজের ওঠানামার কারণে ডেস্কটপ পিসি নিয়ে যারা বিপাকে রয়েছেন, তাদের জন্য মাত্র দুই ঘণ্টায় ফুল চার্জ নিতে সক্ষম ৬৫০ মেগাঅ্যাম্পিয়ারের ইন্টারঅ্যাক্টিভ ইউপিএস বাজারে এনেছে কমপিউটার সোর্স। প্রোলিংক ব্র্যান্ডের প্রো-৭০০এসএফসি মডেলের এ ইউপিএসের ব্যাকআপ ক্ষমতা ২০ মিনিট পর্যন্ত। রয়েছে এভিআর, এলইডি ডিসপ্লে ও এর সর্বোচ্চ ইনপুট ভোল্টেজ ২২০। এ ভোল্টেজ ২৫ শতাংশ বাড়তে বা কমতে পারে। এ ছাড়া এর ব্যাটারি মোডে আউটপুট ভোল্টেজ ১০ শতাংশ কমতে বা বাড়তে পারে। ব্যবহার করা হয়েছে ১২ ভোল্টের ৮.২ অ্যাম্পিয়ার ব্যাটারি। দাম ৩ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০০০০২৭৯

## সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে


আইবিসিএস-প্রাইমেক্সে নতুন সিলেবাসে সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়। কোর্স শেষে অনলাইন সার্টিফিকেশন পরীক্ষার ব্যবস্থা আছে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## আসুসের কোরআই৫ ডেস্কটপ পিসি

আসুসের বিএম৬৮২০ মডেলের ডেস্কটপ পিসি এনেছে গ্লোবাল ব্র্যান্ড। ইন্টেল এইচ৬১ চিপসেটের এ পিসিটিতে রয়েছে ৩.২ গিগাহার্টজ গতির ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৫ প্রসেসর, যার ক্যাশ মেমরি ৬ মেগাবাইট। রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ইন্টেল চিপসেটের গ্রাফিক্স, ডিভিডি রাইটার, গিগাবিট ল্যান, ৮ চ্যানেল অডিও, ৮টি ইউএসবি, ভিজিএ, ডিভিআই-ডি পোর্ট, সাটা পোর্ট ইত্যাদি। ১৮.৫ ইঞ্চির এলইডি মনিটরসহ এর দাম ৪৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২



## ভিউসনিক ভিএ১৬২০এ এলইডি মনিটর




বাংলাদেশে ভিউসনিক মনিটরের একমাত্র পরিবেশক ইউসিসি বাজারে এনেছে ১৬ ইঞ্চির এলইডি মনিটর ভিএ১৬২০এ। ১৬ ইঞ্চির কালো বর্ডারে তৈরি ১৩৬৫ বাই ৭৬৮ রেজ্যুলেশনের এ মনিটরটি ডব্লিউএলইডি ও মার্কারি ফ্রি প্রযুক্তি। দাম ৬ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭

## দেশেই ফুজিৎসুর অভিজাত ল্যাপটপ



টানা ১১ ঘণ্টা ব্যাকআপ সুবিধার ফুজিৎসু ব্র্যান্ডের ই-সিরিজের কোরআই৫ ৩৩৪০এম প্রসেসর সমন্বিত লাইফবুক বাজারে এনেছে কমপিউটার সোর্স। লাইফবুকটিতে রয়েছে ৫০০ জিবি হাইব্রিড হার্ডডিস্ক, পানি নিরোধক কিবোর্ড, ৪ জিবি র‌্যাম, যা প্রয়োজনে ১৬ জিবি পর্যন্ত বাড়িয়ে নেয়া যায়। এ ছাড়া রয়েছে বায়োস লক, হার্ডডিস্ক লক, অ্যান্টিথেফট লক স্লট, আরএফ ফিঙ্গারপ্রিন্ট সেন্সর ও টিপিএম। ডকিং স্টেশন থাকায় বৈদ্যুতিক সংযোগের জন্য আলাদা পোর্ট ব্যবহারের প্রয়োজন পড়ে না। মাত্র ১ দশমিক ৭ কেজি ওজনের অরিজিনাল উইন্ডোজ ৮ প্রফেশনাল অপারেটিং সিস্টেম বিল্ট-ইন থাকা ল্যাপটপটির দাম ১ লাখ ৩০ হাজার টাকা। রয়েছে এক বছরের বিক্রয়োত্তর সেবা ◆

## জাভা ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে জাভা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ প্রশিক্ষণে ভর্তি চলছে। প্রশিক্ষণে কোর্সের অরিজিনাল স্টাডি মেটেরিয়াল, অনলাইন পরীক্ষার জন্য ২৫ শতাংশ ডিসকাউন্ট ভাউচার ও কোর্স শেষে ওরাকল থেকে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## এলজি ১৯.৫ ইঞ্চি এলইডি মনিটর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজি ব্র্যান্ডের ২০ইএন৩৩এস মডেলের নতুন এলইডি মনিটর। ১৯.৫ ইঞ্চির এ মনিটরটি সুপার এনার্জি সেভিং প্রযুক্তির। রয়েছে ডুয়াল স্মার্ট সলিউশন ও দেয়ালে ঝুলিয়ে রাখার জন্য ওয়াল মাউন্ট সুবিধা। মনিটরটির রেজ্যুলেশন ১৬০০ বাই ৯০০ পিক্সেল, ডায়নামিক কন্ট্রাস্ট রেশিও ৫০০০০০০:১, রেসপন্স টাইম ৩.৫ মিলি সেকেন্ড, ডিসপ্লে কালার ১৬.৭ মিলিয়ন, ভিউয়িং অ্যাঙ্গেল ৯০ ডিগ্রি/৬৫ ডিগ্রি, ডিভিআই ও ডি-সাব ইনপুট কানেক্টর প্রভৃতি। দাম ৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২ ◆

## সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটর (সিসা) কোর্সে ভর্তি


সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটরের (সিসা) কাজের চাহিদা প্রতিনিয়তই বাড়ছে। আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে নতুন সিলেবাস অনুযায়ী সিসা কোর্সে ভর্তি চলছে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## বাজারে থার্মালটেকের নতুন কেসিং



ইউসিসি বাজারে এনেছে থার্মালটেক ব্র্যান্ডের নতুন কেসিং ভার্সা ২। কেসিংটির সামনে ভেন্টিলেশন থাকায় খুব সহজে বাতাস চলাচল করতে পারে। এ ছাড়া পিসির সব যন্ত্রাংশ সেটআপ করার জন্য কেসিংয়ের ভেতরে রয়েছে বৃহৎ পরিসর। বাজারের ৩২সিএমের দামি গ্রাফিক্স কার্ড সহজে বসানো যায়। কেসিংয়ের পেছনে রয়েছে ১২০ মিলিমিটারের শব্দবিহীন ফ্যান। এ ছাড়া ইউএসবি ৩.০ পোর্ট, সব দিকে কুলিংফ্যান ব্যবহারের সুবিধা রয়েছে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## বাজারে গিগাবাইটের নতুন গ্রাফিক্স কার্ড




স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে গিগাবাইট জিভি-এন৭৭০ওসি-৪জিডি মডেলের গ্রাফিক্স কার্ড। জিফোর্স জিটিএক্স ৭৭০ চিপসেটসম্পন্ন এ গ্রাফিক্স কার্ডটিতে রয়েছে ৭০১০ মেগাহার্টজ মেমরি ক্লক, ২৮ ন্যানোমিটার প্রসেস টেকনোলজি, ৪০৯৬ মেগাবাইট মেমরি, ২৫৬ বিট মেমরি বাস, ডিডিআর৫ টেকনোলজি ও ডিরেক্ট এক্স ১১.১ সাপোর্ট সুবিধা। কার্ডটি প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইনার, অ্যানিমেটর ও প্রফেশনাল গেমারদের জন্য অত্যন্ত কার্যকর। একটি আকর্ষণীয় অপটিক্যাল মাউস ও তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ গ্রাফিক্স কার্ডটির দাম ৪৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৮ ◆

## রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## ট্রান্সসেন্ড ব্র্যান্ডের নতুন পেনড্রাইভ



ইউসিসি বাজারে এনেছে ট্রান্সসেন্ড ব্র্যান্ডের ৩৫০ পেনড্রাইভ। ইউএসবি ২.০ ইন্টারফেসের প্লাগ অ্যান্ড প্লে সুবিধার এ পেনড্রাইভটিতে ইন্ডিকেটর থাকায় অতিসহজে কাজ করছে তা জানা যায়। সব অপারেটিং সিস্টেম সমর্থিত পেনড্রাইভটির রাইট স্পিড প্রতিসেকেন্ডে ১১ মেগাবাইট ও রিড স্পিড ৩ দশমিক ৫ মেগাবাইট। ৪ জিবি থেকে ৬৪ জিবির বিভিন্ন আকারে পেনড্রাইভটি বাজারে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## আসুসের ২৩ ইঞ্চির বর্ডারলেস মনিটর



আসুসের ভিএক্স২৩৯এইচ মডেলের এএইচ-আইপিএস প্যানেলের মনিটর বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। ২৩ ইঞ্চির প্রশস্ত পর্দার এ বর্ডারলেস মনিটরটি সম্পূর্ণ এইচডি প্রযুক্তির। এর কন্ট্রাস্ট রেশিও ৮০০০০০০০:১, ভিউয়িং অ্যাঙ্গেল ১৭৮/১৭৮ ডিগ্রি, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড। আল্ট্রা-স্লিম ও পরিবেশবান্ধব ডিজাইনের এ মনিটরটিতে স্মার্টফোনের ব্যাটারি চার্জ করতে অথবা স্মার্টফোনের গেম বা মুভি সরাসরি মনিটরটিতে উপভোগ করতে রয়েছে মোবাইল হাই ডেফিনেশন লিঙ্ক পোর্ট। এছাড়া রয়েছে বিল্ট-ইন স্টেরিও স্পিকার, এইচডিএমআই পোর্ট, ভিজিএ পোর্ট, অডিও ইন/আউট পোর্ট প্রভৃতি। দাম ২৪ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮ ◆

## এএসপি ডটনেট ইউজিং সি কোর্সে ভর্তি


আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে এএসপি ডটনেট ইউজিং সি ও এসকিউএল সার্ভার প্রশিক্ষণে ভর্তি চলছে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, এনটিটি ফ্রেমওয়ার্ক, ক্রিস্টাল রিপোর্ট শেখানো হবে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## বাজারে ডেলের কোরআই৩ ব্র্যান্ড পিসি



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ডেল ব্র্যান্ডের অপটিপ্লেক্স ৩০১০এমটি মডেলের ব্র্যান্ড পিসি। ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৩ প্রসেসরসম্পন্ন এ ডেস্কটপ কমপিউটারে রয়েছে ৪ গিগাবাইট র‌্যাম, ইন্টেল ৬১ চিপসেট মাদারবোর্ড, ৫০০ গিগাবাইট হার্ডডিস্ক, ১৮.৫ ইঞ্চি এলইডি মনিটরস ও ইউএসবি মাউস। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৩৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৩ ◆

## আসুসের ১৬এক্স থ্রিডি ব্লু-রে রাইটার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুস ব্র্যান্ডের বিডব্লিউ-১৬ডি১এইচটি মডেলের ব্লু-রে রাইটার। সাটা ইন্টারফেসের এ রাইটারটি ১৬ এক্স গতিতে রাইট ও ১২ এক্স গতিতে রিড করতে পারে। বিডিএক্সএল সমর্থিত এ রাইটারটির মাধ্যমে সর্বোচ্চ ১২৮ গিগাবাইট ডাটা সংরক্ষণ করা যায়। দাম ৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮ ◆

## বাজারে সাফায়ার ব্র্যান্ডের নতুন গ্রাফিক্স কার্ড



ইউসিসি বাজারে এনেছে সাফায়ার ব্র্যান্ডের নতুন গ্রাফিক্স কার্ড এইচডি ৭৯৫০। জিসিএন প্রযুক্তিতে এ গ্রাফিক্স কার্ডটি ২৪এএমে তৈরি। রয়েছে ১৭৯২ স্ট্রিম প্রসেসর ও ৩৮৪ বিটের হাই স্পিড মেমরি ইন্টারফেস, যা প্রতিসেকেন্ডে ২৬৪ জিবি মেমরি ব্যান্ডউইডথ সাপোর্ট দিতে পারে। এতে চারটি মনিটর ব্যবহার করা সম্ভব ও কোর ক্লকস্পিড ৮১০ মেগাহার্টজ পর্যন্ত। তুলনামূলকভাবে বিদ্যুৎসাশ্রয়ী এ গ্রাফিক্স কার্ডটি ক্রসফায়ার এনাবল হওয়ায় গ্রাফিক্স আপডেট করার পাশাপাশি থ্রিডি ফিচার পাওয়া যাবে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## বাজারে এইচপি প্যাভিলিয়ন সিরিজের নতুন ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি প্যাভিলিয়ন জি-৪ ২২১৯টিইউ মডেলের ল্যাপটপ। ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৩ প্রসেসরসম্পন্ন এ ল্যাপটপটিতে রয়েছে ৪ গিগাবাইট ডিডিআর৩ র‍্যাম, ৫০০ গিগাবাইট হার্ডডিস্ক, ১৪ ইঞ্চি ডায়াগোনাল হাই ডেফিনেশন ডিসপ্লে, ওয়াইফাই ও ব্লুটুথ সুবিধা। এক বছরের বিক্রয়োত্তর সেবা ও একটি ব্যাগসহ ল্যাপটপটির দাম ৪১ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১০ ◆

## লেনোভোর বাজেটসাশ্রয়ী মাল্টিমিডিয়া ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর জি৪০৫ মডেলের মাল্টিমিডিয়া ল্যাপটপ। ১৪ ইঞ্চির এ ল্যাপটপটি ১ গিগাহার্টজ গতির এএমডি ডুয়াল কোর প্রসেসর চালিত। রয়েছে ১ জিবি ভিডিও মেমরির এএমডি রেডিয়ন চিপসেটের গ্রাফিক্স, ২ জিবি র‍্যাম, ডিভিডি রাইটার, ওয়েবক্যাম, বিল্ট-ইন স্পিকার, এইচডি অডিও, ৫০০ জিবি হার্ডডিস্ক, ওয়্যারলেস ল্যান, গিগাবিট ল্যান, মেমরি কার্ডরিডার, ব্লুটুথ, ইউএসবি পোর্ট ও ভিজিএ পোর্ট প্রভৃতি। দাম ২৮ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১ ◆

## জেন্ড পিএইচপি-৫.৩ কোর্সে ভর্তি

পিএইচপি-৫.৩ জেন্ড সার্টিফিকেশন কোর্সে প্রশিক্ষণ দিচ্ছে আইবিসিএস-প্রাইমেক্স। কোর্স সমাপ্তির পর জেন্ড সার্টিফায়েড ইঞ্জিনিয়ার সনদের জন্য অনলাইন পরীক্ষায় অংশ নিতে হয়। রয়েছে ২০ শতাংশ ছাড়। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## আসুসের নতুন কোর আইথ্রি ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুস এক্স৪৫১সিএ মডেলের নতুন ল্যাপটপ। আসুস সনিকমাস্টার অডিও ফিচারের এ নোটবুকটিতে রয়েছে ১.৮ গিগাহার্টজ গতির ইন্টেল কোরআইথ্রি প্রসেসর, ১৪ ইঞ্চির ডিসপ্লে, ৪ জিবি র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ইন্টেল চিপসেটের গ্রাফিক্স, ডিভিডি রাইটার, ওয়্যারলেস ল্যান, বুটুথ, ওয়েবক্যাম ইত্যাদি। দুই বছরের আন্তর্জাতিক বিক্রয়োত্তর সেবাসহ দাম ৩৬ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২ ◆

## বাজেটসাশ্রয়ী এপিইউ এ৪-৪০০০




ইউসিসি বাজারে এনেছে সবচেয়ে বাজেটসাশ্রয়ী এপিইউ এ৪-৪০০০। এএমডি ব্র্যান্ডের তৈরি এ এপিউই প্রসেসর ও গ্রাফিক্স কার্ড সমন্বয়ে তৈরি, যা বাজারের গতানুগতিক ডুয়াল কোর থেকে অনেক বেশি কার্যক্রম এবং বাড়তি সুবিধা দেয়। এর ক্লকস্পিড ৩ গিগাহার্টজ, যা টার্বো মুডে কাজ করে ৩.২ গিগাহার্টজ পর্যন্ত। এটি রিচল্যান্ড ৩২ ন্যানোমিটার তৈরি এবং রয়েছে ১ এএমবি ক্যাশ। ডিসক্রিট গ্রাফিক্স ৭৪৮০, ক্লকস্পিড ৭২৪ ও মেমরি সাপোর্ট ডিডিআর৩-১৩৩৩ পর্যন্ত। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭ ◆

## এসইও প্রশিক্ষণে বিশেষ ছাড়

ফ্রিল্যান্সিং কাজের চাহিদার ভিত্তিতে আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন প্রশিক্ষণে ভর্তি চলছে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## মাইক্রোল্যাবের তারবিহীন স্পিকার

কমপিউটার সোর্স বাজারে এনেছে মাইক্রোল্যাব এমডি২১২। ব্লু-টুথ সংযোগ সুবিধার বহনযোগ্য এ স্পিকারটির মাধ্যমে আইফোন, স্মার্টফোন কিংবা ট্যাবলেটে সংরক্ষিত গান ১৫০ হার্টজ থেকে ২০ কিলোহার্টজ তরঙ্গে



উপভোগ করা যায়। মেয়েদের ভ্যানিটি ব্যাগেও বহন করা যায়। রয়েছে দুটি মাইক ও একটি সাব-ওফার। এর সিগন্যাল অনুপাত ন্যূনতম ৭৫ ডেসিবেল। ফোন থেকে গান শোনার মুহূর্তে কল এলে স্পিকার থেকেই ফোন রিসিভ করা যায়। ফোন বা ট্যাব রাখার জন্য এতে রয়েছে একটি বাড়তি ট্রে। মিনি ইউএসবি পোর্টের মাধ্যমে রিচার্জ করা যায় এর লিথিয়াম ব্যাটারি। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ২ হাজার ৮০০ টাকা ◆

## ডাটাবেজ সফটওয়্যার ওরাকল প্রশিক্ষণ

আইবিসিএস-প্রাইমেক্সে ওরাকল ১০জি ডিবিএ অ্যান্ড ডেভেলপার ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষকদের তত্ত্বাবধানের এ কোর্স শেষ করে প্রশিক্ষণার্থীরা বিভিন্ন ব্যাংক, বীমা ও বহুজাতিক কোম্পানিতে চাকরির সুযোগ পাবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## বাজারে বেনকিউ ১৫.৬ ইঞ্চি মনিটর



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে বেনকিউ জি৬১৫এইচডি মডেলের ১৫.৬ ইঞ্চি এলইডি মনিটর। ১৬:৯ অ্যাসপেক্ট রেশিওসম্পন্ন ওয়াইড স্ক্রিনের এই মনিটররের রেজ্যুলেশন ১৩৬৬ বাই ৭৬৮ পিক্সেল, ডিসপ্লে এরিয়া ৩৪৪.২৩ বা ১৯৩.৫৪ মিলিমিটার, ভিউ অ্যাঙ্গেল ৯০/৫০, রেসপন্স টাইম ৮ মিলিসেকেন্ড, বিল্ট-ইন পাওয়ার সাপ্লাই, ডাইমেনশন ৩০০.৪৫ বাই ৩৭৭.৮ বাই ১৪৬ মিলিমিটার। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ মনিটরটির দাম ৬ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯৭০ ◆

## লজিটেক পণ্যে ২০ শতাংশ ছাড়

লজিটেক ব্র্যান্ডের পণ্যে গ্রাহক পর্যায়ে ২০ শতাংশ পর্যন্ত নগদ মূল্যছাড় দিচ্ছে কমপিউটার সোর্স। ঢাকায় দেশের প্রথম কমপিউটার ব্র্যান্ডশপ ধানমণ্ডির ২৭ নম্বরের কমপিউটার সোর্স ব্র্যান্ড শপ ছাড়াও প্রতিষ্ঠানটির বসুন্ধরা শাখা, উত্তরা শাখা,




গুলশান শাখা ও শান্তিনগর শাখা এবং চট্টগ্রামের জিইসি ও আগ্রাবাদ আউটলেট থেকে এ সুবিধা গ্রহণ করা যাচ্ছে। অফার পেতে ফেসবুকে লজিটেক বাংলাদেশ পেজ লাইক করতে হবে। যোগাযোগ : ০১৭৩০৩৩৪১৬৫ ◆

## সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার (সিইএইচ) সার্টিফিকেশন প্রশিক্ষণে শুক্রবারের ব্যাচে ভর্তি চলছে। ৪০ ঘণ্টার এ প্রশিক্ষণে নেটওয়ার্ক, সিস্টেম, ওয়েব, ভাইরাস, ফায়ারওয়াল, ওয়্যারলেস ওয়েব সার্ভার সিকিউরিটি ও পেনিট্রেশন টেস্টিং প্রশিক্ষণ দেয়া হবে। পরীক্ষায় অংশ নেয়ার জন্য ১০০ শতাংশ ডিসকাউন্ট ভাউচার ও প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆